

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৩টি বিভাগে শিক্ষক সঙ্কট

ই.বি. প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদভূক্ত ৩টি বিভাগে (ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন, ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান এবং বায়োটেকনোলজি) শিক্ষক সঙ্কট এখন চরম পর্যায়ে এবং ক্লাসের অভাবে ১২টি ব্যাচের ৩শ' ৬৭ জন ছাত্রছাত্রী চরম বিপাকে।

১৯৯৮ সালে ইনফরমেশন ফুড এবং বায়োটেকের মতো যুগোপযোগী বিভাগগুলো খোলা হয়; কিন্তু ইতোমধ্যে আরটি বছর পার হয়ে গেলেও নতুন কোন শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। খোঁজ নিয়ে দেখা গেছে, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশনে ৪টি ব্যাচে ১শ' ২৯ জন ছাত্রছাত্রী অথচ শিক্ষক সংখ্যা মাত্র ৫ জন। এর মধ্যে ১ জন আবার শিক্ষা ছুটিতে। ফলে ৫ জন শিক্ষক ৩টি ব্যাচের ছাত্রছাত্রীদের ক্লাস ঠিকমতো নিতে পারছেন না। এর ওপর আবার রয়েছে শিক্ষকদের দূর্গীয় (সীং-বিএনপি) কোন্দল। ছাত্রদের অভিযোগ এ কোন্দলের কারণে তারা শিক্ষকদের চেয়ারে যেতে পারে না। একজনের কাছে গেলেই অন্যজন সন্দেহ করে।

অন্যদিকে বায়োটেকনোলজির অবস্থা আরও শোচনীয়। ৪টা ব্যাচে ১শ' ১৮ জন ছাত্রছাত্রীর জন্য ৭ জন শিক্ষক থাকলেও ৩ জন জাপান-আমেরিকায় পিএইচডি রত। বর্তমান চেয়ারম্যান ড. মো. আবদুস সাত্তারও অন্য বিভাগের; ক্লাস নেন না। বাকি ৩ জন প্রভাষক নিয়েই হুঁড়িয়ে চলার মতো চলছে এ বিভাগটি। অভিযোগ রয়েছে— এরাও ঠিকমতো ক্লাস নেন না। নাম প্রকাশে অনিচ্ছুক এক ছাত্রী বলেন, স্যাররা ক্লাসে মনোযোগী নন। কেমিস্ট্রি, ইলেকট্রোনিক্সের বন্ধুরা ৬ মাস আগে পরীক্ষা শেষ করেছে।